ক্রোড়পত্র 'ক'
ডিএসসিএসসি পত্র নং
২৩.০১.৯০২.৮৫৭.১১.১২৪.০৪.০৮.০৯.২১
তারিখঃ ৩১ সেপ্টেম্বর ২০২১

## সাফল্য ও অগ্রগতির তথ্য

### ভুমিকা

➢ সামরিক বাহিনী কমান্ড ও স্টাফ কলেজ ১৯৭৭ সালের ৩০শে ডিসেম্বর যাত্রা শুরু করে। এই প্রতিষ্ঠানের মূল লক্ষ্য সামরিক বাহিনীর নির্বাচিত অফিসারবৃন্দদের পরবর্তী উচ্চতর কমান্ড ও স্টাফ নিযুক্তির জন্য পেশাগতভাবে প্রস্তুত করা। অত্র প্রতিষ্ঠান উন্নত ও সময়োপযোগী প্রশিক্ষণ প্রদানের মধ্যমে শুধুমাত্র দক্ষিণ এশিয়াতেই নয় বরং পৃথিবীর উন্নত দেশসমূহের কমান্ড ও স্টাফ কলেজসমূহের মধ্যে অন্যতম হিসাবে সুপ্রতিষ্ঠিত।

### ভৌত ও অবকাঠামোগত উন্নয়ন

➢ বিগত ২০০৯-২০১০ অর্থ বছরে মিরপুর সেনানিবাসে ডিএসসিএসসি'র প্রশিক্ষণার্থীদের জন্য ১টি ১৪ তলা বিশিষ্ট পারিবারিক বাসস্থান (কৃষ্ণচূড়া বিল্ডিং) নির্মান।

➢ বিগত ২০১০-২০১৫ অর্থ বছরে মিরপুর সেনানিবাসে ডিএসসিএসসি'র জন্য ০৮ তলা বিশিষ্ট একাডেমিক ভবন 'শেখ হাসিনা কমপ্লেক্স' নির্মান।

➢ গত ২০১৩-২০১৪ অর্থ বছরে অত্র কলেজের ১৫টি শ্রেণী কক্ষে বিভিন্ন সরঞ্জামাদি নতুনভাবে সংযোজন করা হয়েছে। ৮তলা একাডেমিক ভবন 'শেখ হাসিনা কমপ্লেক্স' এ নতুন শ্রেণীকক্ষ সংযোজন করা হয়েছে।

➢ কোর্সে অংশগ্রহণকারী অফিসারদের জ্ঞান অন্বেষণের জন্য অত্যাধুনিক লাইব্রেরী স্থাপন করা হয়েছে।

➢ সর্বাধুনিক প্রযুক্তি সম্পন্ন দুইটি প্লানারি নির্মান করা হয়েছে।

➢ 'শেখ হাসিনা কমপ্লেক্সে' ক্লাস রুম ও অফিস কক্ষ ছাড়াও অত্যাধুনিক মানের অডিটোরিয়াম, আর্কাইভ, লাউঞ্জস্যুট, কনফারেন্স রুম, কম্পিউটার রুম প্রভৃতি প্রস্তুত করা হয়েছে।

➢ ডিএসসিএসসি'র জেসিও'স কোয়ার্টার এলাকা হতে ডিএসসিএসসি'র প্রশাসনিক ব্লক পর্যন্ত আনুষঙ্গিক কাজসহ সীমানা প্রাচীর নির্মান, প্রবেশ গেইট নির্মান, মিরপুর হলের পোর্চ ও রাস্তার পরিবর্তন/পরিবর্ধন, ডিএসসিএসসি'র গ্যারিসন মসজিদ হতে স্টাফ কলেজ সাব-স্টেশন পর্যন্ত আনুষঙ্গিক কাজসহ এলইডি সড়ক বাতি ও সড়ক দ্বীপ এর কাজ, ই-টাইপ আবাসিক এলাকার জন্য ১×৪০ অশ্ব শক্তি সম্পন্ন সাবমারসিবল মটরপাম্প স্থাপন, 'ডি' টাইপ অফিসার্স কোয়ার্টার এর পরিবর্তন/পরিবর্ধন, 'বি' টাইপ বাংলোর আসবাবপত্রসহ পরিবর্তন/পরিবর্ধন ও সীমানা প্রাচীর নির্মাণ করা হয়েছে।

➢ মিরপুর সেনানিবাসে ডিএসসিএসসি'র কমান্ড্যান্ট বাংলোর লেকের পাশ্বে রিটেইনিং ওয়াল নির্মাণ।

➢ মিরপুর সেনানিবাসে ডিএসসিএসসি'র এমটি গ্যারেজ হতে টিলা রোড পর্যন্ত আনুষঙ্গিক কাজসহ সীমানা প্রাচীর নির্মাণ।

➢ মিরপুর সেনানিবাসে ডিএসসিএসসি'র জন্য ১০ তলা বিশিষ্ট অফিসার্স মেস ও ব্যাচেলর অফিসার্স কোয়ার্টার নির্মাণ কাজ চলমান রয়েছে।

### সাংগঠনিক কাঠামোগত উন্নয়ন

➢ সামরিক বাহিনী কমান্ড ও স্টাফ কলেজের সাংগঠনিক কাঠামোতে ৩১ মে ২০১৭ তারিখে সর্বমোট ৪৮৪ জন জনবলের সাংগঠনিক কাঠামো অনুমোদিত হয়।

➢ সামরিক বাহিনী কমান্ড ও স্টাফ কলেজের সাংগঠনিক কাঠামোতে ১৮ মার্চ ২০২০ তারিখে সর্বমোট ৭১৩ জন জনবলের সাংগঠনিক কাঠামো অনুমোদিত হয়।

## কোর্সে অংশগ্রহণকারী অফিসারদের সংখ্যা বৃদ্ধি

➢ ডিএসসিএসসি কোর্সে অংশগ্রহণকারী অফিসারদের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে যা সামরিক বাহিনী কমান্ড ও স্টাফ কলেজ এর একটি গরুত্বপূর্ণ সাফল্য। ডিএসসিএসসি ২০০৯-২০২০ কোর্সে অংশগ্রহণকারী অফিসারদের পরিসংখ্যান দেওয়া হলো:

| Course No | Yr | Bangladeshi | | | | Overseas | | | Total |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | Army | Navy | Air | Police | Army | Navy | Air | |
| DSCSC 2009 - 2010 | 2009 - 2010 | 90 | 16 | 21 | - | 13 | 9 | 12 | **161** |
| DSCSC 2010 - 2011 | 2010 - 2011 | 90 | 19 | 27 | - | 24 | 6 | 9 | **175** |
| DSCSC 2011 - 2012 | 2011 - 2012 | 96 | 16 | 22 | - | 22 | 11 | 14 | **181** |
| DSCSC 2012 - 2013 | 2012 - 2013 | 91 | 18 | 21 | - | 21 | 09 | 14 | **174** |
| DSCSC 2013 - 2014 | 2013 - 2014 | 100 | 23 | 21 | - | 24 | 12 | 8 | **188** |
| DSCSC 2014 - 2015 | 2014 - 2015 | 120 | 23 | 19 | - | 28 | 11 | 13 | **214** |
| DSCSC 2015 - 2016 | 2015 - 2016 | 158 | 23 | 20 | - | 35 | 15 | 17 | **268** |
| DSCSC 2016 - 2017 | 2016 - 2017 | 158 | 27 | 24 | - | 44 | 13 | 14 | **280** |
| DSCSC 2017 - 2018 | 2017 - 2018 | 136 | 40 | 22 | - | 39 | 11 | 18 | **266** |
| DSCSC 2018 - 2019 | 2018 - 2019 | 118 | 29 | 23 | - | 25 | 10 | 10 | **215** |
| DSCSC 2019 - 2020 | 2019 - 2020 | 125 | 34 | 22 | - | 33 | 11 | 10 | **235** |
| DSCSC 2020 - 2021 | 2020 - 2021 | 127 | 32 | 23 | - | 28 | 07 | 08 | **225** |
| DSCSC 2021 - 2022 | 2021 - 2022 | 132 | 34 | 35 | 03 | 30 | 09 | 08 | **251** |

## নিয়োগ সংক্রান্ত বিষয়াদি

➢ ২০০৯-২০২০ মেয়াদে অত্র প্রতিষ্ঠানে ২০তম গ্রেডের বিভিন্ন পদবীর ৬০ জন কর্মচারী নিয়োগ প্রদান করা হয়েছে।

## আধুনিকীকরণ ও তথ্য প্রযুক্তিগত উন্নয়ন

➢ বর্তমান বৈশ্বিক বিরাজমান মহামারী করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাব বিবেচনায় প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখার নিমিত্তে ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবস্থাপনার মাধ্যমে অনলাইনে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।

➢ স্টাফ কলেজের অফিস ও আবাসিক বাস্থানসমূহে ইন্ট্রানেট ও ইন্টারনেটের ব্যবহারের মাধ্যমে তথ্য প্রযুক্তি সেবা প্রদান করা হচ্ছে।

➢ প্রশিক্ষণ সংক্রান্ত সকল প্রকার অনুশীলন সমূহে তথ্য প্রযুক্তির ব্যবহার করা হচ্ছে।

➢ স্টাফ কলেজের প্রশিক্ষণ সুষ্ঠুভাবে সম্পন্নের লক্ষ্যে কম্পিউটার সফটওয়্যার তৈরী যেমনঃ Archive সফটওয়্যার, Digital Archive সফটওয়্যার, Student Assessment সফটওয়্যার, Attendance সফটওয়্যার, Plagiarism সফটওয়্যার, Clearance Management সফটওয়্যার ও Labrary Management সফটওয়্যার তৈরী করা হয়েছে।

➢ প্রতিষ্ঠানের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করণের লক্ষ্যে সমগ্র স্টাফ কলেজকে সিসিটিভি ক্যামেরার আওতাভুক্তকরণের মাধ্যমে প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করণ।

➢ E-Library এর কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

➢ কোর্সে অংশগ্রহকারী অফিসারদের পাঠদান প্রদানের কার্যক্রম হিসেবে সকল ক্লাসরুম ডিজিটালাইজড এবং কম্পিউটার, LFD (Large Focus Display), Interactive Board ও ম্যাল্টিমিডিয়াসহ আধুনিক শিক্ষা উপকরণ সংযোজন করা হয়েছে।

- সরকারি নির্দেশ অনুযায়ী ডিজিটাল কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে বিগত ২০০২ সাল থেকে এ কলেজের ওয়েবসাইট www.dscsc.mail.bd চালু করা হয়েছে।

**উপসংহার**

সামরিক বাহিনী কমান্ড ও স্টাফ কলেজ একটি সুষম পাঠ্যক্রম অনুসরণ করে যা তিন বাহিনীর প্রশিক্ষণ চাহিদা পূরণ করে থাকে। পেশাগত দায়িত্ব যথাযথ পালনের জন্য ষ্টাফ কোর্সের গুরুত্ব অপরিসীম। বেশ কিছু সীমাবদ্ধতা সত্ত্বেও প্রতিষ্ঠানের সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীদের নিরলস প্রচেষ্টায় আমরা অভিষ্ঠ লক্ষ্যে পৌঁছাতে বদ্ধ পরিকর। পরিবর্তনশীল বিশ্বের প্রেক্ষাপটে বর্তমান সরকার কর্তৃক ঘোষিত ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে অত্র প্রতিষ্ঠানের সকল সদস্য নিরন্তর প্রচেষ্ঠা অব্যাহত রেখেছে। মহান সৃষ্টিকর্তার অশেষ মেহেরবানীতে এখন পর্যন্ত আমরা সামরিক শিক্ষার মানদন্ড ধরে রাখতে সক্ষম হয়েছি। এ ধারাকে অব্যাহত রাখার জন্য সকলের সার্বিক প্রচেষ্টা ও সহযোগিতা সামরিক বাহিনী কমান্ড ও ষ্টাফ কলেজকে উন্নতির চরম শিখরে নিয়ে যেতে সক্ষম হবে।